WARPO
পানি সম্পদ পরিকল্পনা সংস্থা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পানি সম্পদ মন্ত্রণালয়
পানি সম্পদ পরিকল্পনা সংস্থা
www.warpo.gov.bd

পানি সম্পদ পরিকল্পনা সংস্থার মে, ২০২৩ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী

সভাপতি	:	মোঃ রেজাউল মাকছুদ জাহেদী, মহাপরিচালক
তারিখ	:	০২/০৫/২০২৩ খ্রি:
সভার সময়	:	সকাল ২.৩০ ঘটিকা
স্থান	:	ওয়ারপোর সম্মেলন কক্ষ
উপস্থিতি	:	পরিশিষ্ট 'ক'

সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। শুরুতেই উপ-সচিব, ওয়ারপোকে কার্যপত্র অনুযায়ী উপস্থাপন করার জন্য অনুরোধ জানান।

নং	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
০১.	পূর্ববর্তী সভার কার্যবিবরণী অনুমোদন/দৃঢ়করণ	বিগত সভার সিদ্ধান্ত ও বাস্তবায়ন সংক্রান্ত বিবরণীতে কোন সংশোধনী বা দ্বিমত না থাকায় গত সভার কার্যবিবরণীটি দৃঢ়করণ করা হয়।		
০২.	ডি-নথি বিষয়ক আলোচনা	ডি-নথি বিষয়ক আলোচানায় ওয়ারপো'র সদর দপ্তরে সামগ্রিক নথির কার্যক্রম ও শাখা ভিত্তিক নথির কার্যক্রম হালনাগাদ বিবরণী উপস্থাপন করা হয়। আগামীতে হার্ড ফাইলে কম্পিউটার কম্পোজ করে উপস্থাপন করতে হবে এবং ভবিষ্যতে সমস্ত ফাইল ডি-নথির আওতায় আনার বিষয়ে আলোচনা হয়।	সম্ভাব্য সকল ফাইলের কার্যক্রম ডি-নথির মাধ্যমে সম্পন্ন করতে হবে। এখন থেকে হার্ড ফাইলে কম্পিউটার কম্পোজ করে নথি উপস্থাপন করতে হবে।	উপ-সচিব, ওয়ারপো ও শাখা প্রধানগণ এবং এসএসও (প্রোগ্রামার)
০৩.	Time bound বিভিন্ন প্রতিবেদন/ মাসিক রিপোর্ট বিষয়ে আলোচনা	Time bound প্রতিবেদন বিষয়ে সংশ্লিষ্ট সকলের মতামত চাওয়া হয়। তারা তাদের প্রতিবেদনের বিষয়ে মতামত দেন। উপ-সচিব এপ্রিল/২০২৩ মাসের বিস্তারিত প্রতিবেদন উপস্থাপন করেন।	Time bound সকল প্রতিবেদন যথা সময়ে পানি সম্পদ মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।	সংশ্লিষ্ট শাখা প্রধান
০৪.	জাতীয় সংসদে প্রশ্ন উত্তর	জাতীয় সংসদের প্রশ্নোত্তর বা অন্য কোন বিষয়ে ওয়ারপো'র সংশ্লিষ্টতার বিষয়ে আলোচনা হয়।	জাতীয় সংসদের যে কোন কার্যক্রম অগ্রাধিকার পাবে।	পিএসও (পরিবীক্ষণ ও মূল্যায়ণ)
০৫.	সংস্থার রাজস্ব বাজেট ও অডিট আপত্তি নিষ্পত্তি করণ	রাজস্ব বাজেটের যে সকল খাতে বরাদ্দের অর্থ আছে সে গুলো চিহ্নিত করে ব্যবস্থা গ্রহণ করার বিষয়ে সভায় আলোচনা হয় এবং আগামী বাজেটে বেশ কয়েটি খাতে বরাদ্দের জন্য নতুন কোড চাওয়ার বিষয়ে আলোচনা হয়।	অডিট আপত্তির ব্রডশীট জবাব প্রেরণ করা হয়েছে। বাজেট বরাদ্দকৃত অর্থের ব্যবহার ও ২০২৩-২৪ অর্থবছরে বাজেটে নতুন কোড চাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।	সচিব ও হিসাব রক্ষণ কর্মকর্তা
০৬.	প্রকল্প মূল্যায়ন	বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আওতায় পানি সম্পদ খাতে দুইটি সংস্থার প্রকল্প মূল্যায়ণের জন্য দুইটি কমিটি নিম্নরুপ গঠনের বিষয়ে আলোচনা হয়। ক) পরিচালক (কারিগরি), পিএসও (পানি সম্পদ) ও পিএসও (পরিঃ ও মূল্যাঃ) খ) পরিচালক (কারিগরি), পিএসও (পরিবেশ, বন ও মৎস্য) ও পিএসও (পরিঃ ও মূল্যাঃ)	কমিটি আগামী ১২ - ১৩ মে/২০২৩ পর্যন্ত নারায়নগঞ্জ এবং ২১-২২ মে/২০২৩ পর্যন্ত ময়মনসিংহে প্রকল্প পরিদর্শন ও মূল্যায়ণ সম্পন্ন করবেন।	পরিচালক (কারিগরি)

নং	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
০৭.	জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা	৩টি প্রকল্প পরিদর্শনের জন্য জেলা কার্যালয়ের নির্বাহী প্রকৌশলীগণকে দায়িত্ব দেওয়া হয়। এ ব্যাপারে জেলা কার্যালয়ের নির্বাহী প্রকৌশলীগণকে প্রকল্প চিহ্নিত করে পত্র প্রেরণ করার ব্যাপারে আলোচনা হয়।	সংশ্লিষ্ট ফোকাল্ট পয়েন্ট কর্মকর্তার সুপারিশ মোতাবেক প্রশাসন শাখা নির্বাহী প্রকৌশলীদের পত্র প্রেরণ করবে।	সচিব, ফোকাল পয়েন্ট কর্মকর্তা এবং নির্বাহী প্রকৌশলী
	নথি বিনস্টকরণ	নথি বিনস্টকরণ করার ব্যাপারে বিস্তারিত আলোচনা হয়।	সংশ্লিষ্ট নথি বিনস্টকরণ কমিটি এ দায়িত্ব সম্পন্ন করবে।	সংশ্লিষ্ট কমিটি
	বার্ষিক ক্রয় পরিকল্পনা	আগামী আগামী ২০২৩-২৪ অর্থবছর থেকে এপিপি যেন যথাসময়ে প্রস্ততপূর্বক ওয়েব সাইটে প্রকাশ করা হয় সে বিষয়ে সংশ্লিষ্টদের দৃষ্টি আকর্ষণ পূর্বক আলোচনা হয়।	আগামী ২০২৩-২৪ অর্থবছরের এপিপি জুলাই/২০২৩ মাসের প্রথম সপ্তাহের মধ্যে ওয়েব সাইটে প্রকাশ করতে হবে।	সচিব ও হিসাব রক্ষণ কর্মকর্তা
	সেমিনার/ওয়ার্কসপ আয়োজন	জেলা পর্যায়ে ০৩ টি সেমিনার/ওয়ার্কসপ এ মাসের ১৫ তারিখের পর থেকে আয়োজন করার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।	আগামী জুন, ২০২৩ এর মধ্যে আয়োজন সম্পন্ন করতে হবে।	পরিচালক (কারিগরি)
	গবেষণা ও প্রকাশনা	ওয়ারপো কুয়েট যৌথ গবেষণা প্রকল্পের চূড়ান্ত প্রতিবেতনের উপর মত বিনিময় সভা আগামী ১৭ মে ২০২৩ তারিখে আয়োজন করার বিষয়ে আলোচনা হয়।	কুয়েটের টিম লিডারের সাথে আলোচনা করে তারিখ ও সময় নির্ধারণ করতে হবে।	পিএসও (পানি সম্পদ)
	চাকুরী স্থায়ীকরণ	নবসৃস্ট জেলা কার্যালয়ের পদগুলো স্থায়ী নয় তাই অস্থায়ী পদে নিয়োগকৃত কর্মকর্তা/কর্মচারীদের চাকুরী স্থায়ী করা যাবে কি না এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। ওয়ারপোতে নিয়োগ প্রাপ্ত কর্মকর্তা/কর্মচারীদের ফাউন্ডেশন ট্রেনিং/শর্ট কোর্স প্রদানের বিষয়ে আলোচনা হয়।	এ বিষয়ে বিস্তারিত প্রতিবেদন দিতে উপ-সচিবকে নির্দেশ প্রদান করা হলো।	উপ-সচিব
০৮.	প্রকল্পের ছাড়পত্র ভু-গর্ভস্থ পানির অনাপত্তি বিষয়ে আলোচনা	যে সকল শাখা প্রকল্পের ছাড়পত্র ও ভূ-গর্ভস্থ পানির অনাপত্তি পত্র প্রদান করে থাকে তার প্রতিবেদন নির্ধারিত ছক আকারে জমা দেওয়ার বিষয়ে আলোচনা হয়। মে মাসের প্রতিবেদন আগামী জুন মাসে পেশ করবেন।	সকল শাখা থেকে তথ্য সংগ্রহ পূর্বক পরিবীক্ষণ ও মূল্যায়ণ শাখা একটি প্রতিবেদন ছক তৈরী করে মহাপরিচালক বরাবর প্রেরণ করবেন।	পিএসও (পরিবীক্ষণ ও মূল্যায়ণ)
০৯.	ওয়ারপোর জনবল নিয়োগ ও পদোন্নতি বিষয়ক আলোচনা	ওয়ারপোতে পদোন্নতিযোগ্য যে সকল কর্মকর্তা রয়েছেন তাদের পদোন্নতি বিষয়ে বাছাই কমিটি-১ কে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিষয়ে আলোচনা হয়। এছাড়া জনবল নিয়োগের নিমিত্ত যে বিজ্ঞপ্তি প্রচার করা আছে সে বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ নিতে সভাপতি বাছাই কমিটির আহবায়কদের কে অনুরোধ জানান।	বাছাই কমিটি-১ কর্মকর্তার পদোন্নতির বিষয়ে ১০ মে/২০২৩ মাসের মধ্যে সভা আয়োজন করবেন এবং নিয়োগের নিমিত্ত বাছাই কমিটিদ্বয় ২৫মে ২০২৩ মাসের মধ্যে সভার আয়োজন করবেন। দ্রুত সময়ে নিয়োগ কার্যক্রম সম্পন্ন করার নির্দেশ প্রদান করা হলো।	আহবায়ক বাছাই কমিট-১ ও আহবায়ক বাছাই কমিটি-২
১০.	বিবিধ:- ক) অধিদপ্তরে রূপান্তর	ওয়ারপোকে অধিদপ্তর হিসেবে প্রতিষ্ঠা করার বিষয়ে আলোচনা হয়।	পরিচালক (কারিগরি), সচিব, ওয়ারপো ও এসএসও (মৎস্য) সমন্বয়ে বাংলাদেশ হাওর উন্নয়ন অধিদপ্তরের সাথে আগামী ১৫ জুন, ২০২৩ এর মধ্যে যোগাযোগ করে করণীয় নির্ধারণ করবেন।	পরিচালক (কারিগরি)

নং	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
	স্মার্ট আইডি কার্ড	ওয়ারপো'র সদর দপ্তর ও ৭টি জেলা কার্যালয়ের কর্মকর্তা/কর্মবচারীদের জন্য স্মার্ট আইডি কার্ড নতুনভাবে সরবরাহের বিষয়ে আলোচনা হয়।	আগামী ২৫/০৫/২৩ এর মধ্যে স্মার্ট আইডি কার্ড সকল কর্মকর্তা/কর্মচারীদের মধ্যে বিতরণ করতে হবে।	উপ-সচিব, ওয়ারপো
	রুম নম্বর ও ডিসপ্লে বোর্ড	ওয়ারপো ভবনের প্রত্যেক ফ্লোরের রুম নম্বর সম্বলীত ডিসপ্লে বোর্ড স্থাপন বিষয়ে আলোচনা হয় এবং সকল রুমের নম্বর স্থাপনের বিষয়ে আলোচনা হয়।	আগামী ২৫/০৫/২৩ এর মধ্যে রুম নম্বর এবং ডিসপ্লে বোর্ড স্থাপনের কাজ সম্পন্ন করতে হবে।	সচিব, ওয়ারপো
	বিভিন্ন প্রতিষ্ঠানের প্রকাশনা	বাপাউবো, ডিপিএইচই, এলজিইডি, প্লানিং কমিশন, আইএমইডি, ডিওই, ডিওএফ তাদের সব ধরণের প্রকাশনা ওয়ারপোতে প্রেরণের বিষয়ে আলোচনা হয়।	এ জন্য প্রশাসন শাখা থেকে স্ব-স্ব প্রতিষ্ঠানে পত্র প্রেরণ করতে হবে।	সচিব ও লাইব্রেরীয়ান
	পানি সম্পদ পরিকল্পনা আইন, ১৯৯২; পানি সম্পদ পরিকল্পনা সংস্থা প্রবিধিমালা, ১৯৯৫; বাংলাদেশ পানি আইন, ২০১৩ এবং বাংলাদেশ পানি বিধিমালা, ২০১৮ ও বাংলাদেশের সংবিধান	সকল জেলা কার্যালয়ের জন্য ওয়ারপো'র প্রবিধিমালা ১৯৯৫; পানি সম্পদ পরিকল্পনা আইন, ১৯৯২; বাংলাদেশ পানি আইন ২০১৩; বাংলাদেশ পানি বিধিমালা ২০১৮; পিপিআর ২০০৮ ও বাংলাদেশের সংবিধান ইত্যাদি বইগুলো সংরক্ষণের বিষয়ে আলোচনা হয় এবং	সকল জেলা কার্যালয়ে ১ সেট করে আইন, বিধি, সংবিধান ইত্যাদি প্রেরণ করতে হবে।	লাইব্রেরীয়ান
	প্রত্রিকার কাটিং	লাইব্রেরীতে ৩টি পত্রিকাসহ, হালনাগাদ দি ইকোনোমিস্ট পত্রিকা, রিডার ডাইজেস্ট এর কপি রাখার বিষয়ে আলোচনা হয়।	সংশ্লিষ্ট পত্রিকার কাটিংগুলো বই আকারে বাধাই করে উপস্থাপন করতে হবে।	লাইব্রেরীয়ান
	অকেজো মালামাল নিলাম	ওয়ারপো'র অকেজো কম্পিউটার সমাগ্রী নিলামের মাধ্যমে বিক্রয় এর বিষয়ে আলোচনা হয়।	অকেজো কম্পিউটার সামগ্রী নিলামে বিক্রয়ের জন্য তালিকা প্রস্তত করত: কম্পিউটার কাউন্সিল এর প্রতিনিধিসহ নিলাম প্রক্রিয়া সম্পন্ন করবে।	কম্পিউটার ও তথ্য শাখা ও সংশ্লিষ্ট অকেজো ঘোষণা করণ কমিটি

সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধব্যবাদ জানিয়ে সভার কাজ শেষ করেন।

R.M 02/05/2023

(মোঃ রেজাউল মাকছুদ জাহেদী)
মহাপরিচালক

স্মারক নং ৪২.০২.০০০০.০০৩.০৬.০০১.১৮-৭৩৮

তারিখ: ০২/০৫/২০২৩ খ্রি:

অনুলিপি: সদয় অবগতি ও কার্যার্থেঃ

১। পরিচালক (সকল), ওয়ারপো, ঢাকা।
২। উপ-সচিব, প্রশাসন-২ শাখা, পানি সম্পদ মন্ত্রণালয়, ঢাকা।
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩। সচিব, ওয়ারপো, ঢাকা।
৪। মূখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা (সকল), ওয়ারপো, ঢাকা।
৫। উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা (সকল), ওয়ারপো, ঢাকা।
৬। উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা (প্রোগ্রামার), ওয়ারপো, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৭। বৈজ্ঞানিক কর্মকর্তা (সকল), ওয়ারপো, ঢাকা।
৮। লাইব্রেরীয়ান, ওয়ারপো, ঢাকা।
০৯। হিসাব রক্ষণ কর্মকর্তা, ওয়ারপো, ঢাকা।
১০। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, ওয়ারপো, ঢাকা।

০২/০৫/২৩

(এবিএম গোলাম ফারুক)
উপ-সচিব